

মুজিববর্ষের অঙ্গীকার  
সুরক্ষিত হবে মানবাধিকার



## জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫  
পিএবিএক্স নম্বর: 55013726-28; হেল্পলাইন নম্বর: 16108  
ওয়েবসাইট- [www.nhrc.org.bd](http://www.nhrc.org.bd), ই-মেইলঃ [info@nhrc.org.bd](mailto:info@nhrc.org.bd)



স্মারক নং- এনএইচআরসিবি/প্রেস বিজ্ঞঃ২৩৯/১৩-05

তারিখঃ ২৬/08/21

### প্রেস বিজ্ঞপ্তি

#### গরু চুরির অপবাদে যুবককে আগুনে ঝালসে দেয়ার ঘটনায় নিন্দা

জয়পুরহাটে গরু চুরির অপবাদ দিয়ে মধ্যরাতে বাড়ি থেকে ডেকে নিয়ে এক যুবককে গাছের সঙ্গে বেঁধে কোমর থেকে পা পর্যন্ত আগুনে ঝালসে দেওয়ার ঘটনায় তীব্র নিন্দা জানিয়েছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি।

পুলিশ সুপারের বরাত দিয়ে গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায়, রিকশা চালক তোতামিয়াকে গরু চোর সন্দেহে শনিবার সন্ধ্যায় স্থানীয় ইউপি সদস্য রফিকুল ইসলাম জিজ্ঞাসাবাদ করেন। পরে মধ্য রাতে ইউপি সদস্যসহ একই গ্রামের জুয়েল, আবু খয়ের ও নিজাম গরু চুরির স্বীকারোক্তি আদায়ের চেষ্টা করে। তোতামিয়া অস্বীকার করলে নির্জন মাঠের মধ্যে গাছের সঙ্গে বেঁধে হাতের তালুতে সিগারেটের আগুন দিয়ে ছঁকা দিয়ে নির্যাতন চালায়। পরে তার কোমর থেকে পা পর্যন্ত পেট্রোল তেলে আগুন ধরিয়ে দিলে দগ্ধ হয়ে তোতামিয়া জ্ঞান হারিয়ে ফেলে। রাত সাড়ে ৩টার দিকে তারা তোতামিয়াকে মুমূর্ষু অবস্থায় জেলা আধুনিক হাসপাতালে ফেলে পালিয়ে যায়।

জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি মনে করেন এ ঘটনা আদিম যুগের বর্বরতাকেও হার মানায়। এমন জঘন্য ঘটনা কোনভাবেই গ্রহণযোগ্য নয় এবং এ ঘটনা মানবাধিকারের চরম লঙ্ঘন। ঘটনার সাথে জড়িতদের দ্রুত আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিতের জন্য জয়পুরহাটের পুলিশ সুপারের নিকট পত্র প্রেরণ করা হয়েছে।

মো. আজহার হোসেন  
জনসংযোগ কর্মকর্তা (বিকল্প দায়িত্ব)  
জাতীয় মানবাধিকার কমিশন  
মোবাইল: 01684027323